# ইতিহাস অনুসন্ধান

# ৩৭

পশ্চিমবঙ্গ ইতিহাস সংসদ

# Itihas Anusandhan - 37

*Collection of Essays presented at the 38th Annual Conference of Paschimbanga Itihas Samsad held at Jangipur College, Jangipur, Murshidabad, West Bengal*

PEER-REVIEWED VOLUME

ISBN : 978-81-935519-7-4

**প্রথম প্রকাশ**
১২ জানুয়ারি, ২০২৪

**কপিরাইট**
পশ্চিমবঙ্গ ইতিহাস সংসদ

**প্রকাশক**
আশীষ কুমার দাস
*সম্পাদক*
পশ্চিমবঙ্গ ইতিহাস সংসদ
১, উডবার্ন পার্ক, কলকাতা ৭০০ ০২০
(০৩৩) ৪০৭৪ ৯৪৭২

**বর্ণ সংস্থাপনা ও মুদ্রণ**
এস পি কমিউনিকেশনস্ প্রাইভেট লিমিটেড
৩১বি রাজা দীনেন্দ্র স্ট্রিট
কলকাতা ৭০০ ০০৯

# সূচিপত্র

## মূল নিবন্ধকারের অভিভাষণ


স্বাভাবিক বৈষম্য : ব্রাহ্মণ্য আদর্শে ন্যায়-এর ধারণা —**কুণাল চক্রবর্তী** ১

**প্রাচীন ভারত শাখার সভাপতির অভিভাষণ**

আদি ঐতিহাসিক পর্বের বাংলা : একটি সমীক্ষা

—**সুস্মিতা বসু মজুমদার** ২৩

**মধ্যযুগের ভারত শাখার সভাপতির অভিভাষণ**

পোর্তুগিজ অভিযান, সাম্রাজ্য ও বাংলায় পত্তনি স্থাপন

*(বাংলায় পোর্তুগিজদের প্রবেশ এবং তাদের অবস্থিতির চরিত্র)*

—**উজ্জয়ন ভট্টাচার্য** ৪৬

**আধুনিক ভারত শাখার সভাপতির অভিভাষণ**

"পিতৃলোকের স্বপ্ন তোমার আস্যে/সমসুযোগের সহজ জীবন আসবে"—

প্রসঙ্গ মায়েদের সমিতি ও ১৯৪৯-এর সাতাশে এপ্রিল : অন্য স্বর, কিছু ভাবনা

—**ব্রততী হোড়** ৮১

**ভারত বহির্ভূত শাখার সভাপতির অভিভাষণ**

ইতিহাস এবং আন্তর্জাতিক সম্পর্ক : বাস্তববাদ, উত্তর-উপনিবেশবাদ ও তারপর

—**শিবাশিস চ্যাটার্জি** ৯৬


## বিভিন্ন বিভাগ সমূহ

### প্রাচীন ভারত


বেদে ব্রাত্য সম্প্রদায়ের সামাজিক অবস্থান —**স্বাতীলেখা পোদ্দার** ১১৯

জৈনধর্মীয় প্রেক্ষিতে চিকিৎসক —**মিন্টু সন্ন্যাসী** ১২৪

বহু ব্যবহারে মদন ফল : প্রাচীন ভারতের চিকিৎসাবিদ্যা সংক্রান্ত একটি সমীক্ষা

—**প্রিয়াঙ্কা তালুকদার** ১৩২

প্রাচীন ভারতের বৌদ্ধপণ্ডিত চন্দ্রগোমিন : একটি ঐতিহাসিক মূল্যায়ন

—**বিমান চন্দ্র বড়ুয়া** ১৩৯

প্রতিহারদের ইতিহাসে নবীনতম সংযোজনসমূহ ও তার তাৎপর্য :
একটি অভিলেখভিত্তিক অধ্যয়ন —**দেবজ্যোতি জোদ্দার** ১৪৮

বীরভূমের হাটইকড়া প্রত্নস্থানটির উৎখনন এবং এখান থেকে প্রাপ্ত প্রত্ন সামগ্রীর
একটি পর্যালোচনা —**জয়দীপ ঘোষাল** ১৫৮

মুর্শিদাবাদ মুদ্রাভাণ্ডার এবং তৃতীয় চন্দ্রগুপ্ত : মুদ্রাতাত্ত্বিক দৃষ্টিকোণে
পূর্ব ভারতের এক বিস্মৃত শাসক —**সৌম্যদীপ মিত্র** ১৬৮

মালব অঞ্চলে অ-রাজকীয় ধর্মীয় পৃষ্ঠপোষকতা : খ্রিঃ চতুর্থ থেকে একাদশ
শতাব্দীকালীন উদয়গিরির উপর একটি সমীক্ষা —**অনিরুদ্ধ ঘটক**
***রাধাকুমুদ মুখোপাধ্যায় স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ*** ১৭৯

**মধ্যযুগের ভারত**

শিবাজীকালীন মহারাষ্ট্রে বাহারি পোশাকের সন্ধান ও সপ্তদশ শতাব্দীর
বস্ত্র-বাণিজ্যের যোগসূত্র : রাজব্যবহারকোশের লক্ষ্য
—**শ্রাবন্তী কাঞ্জিলাল**
***সুবাস সিদ্ধান্ত রায় স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ*** ১৮৯

চট্টগ্রাম (চে-টি-চিয়াং) বন্দরে মিং বাণিজ্য বহর : ১৪০৪-১৪৩৯ খ্রিস্টাব্দ
—**প্রসেনজিৎ ঘোষ** ১৯৬

মধ্যযুগে বাংলায় মুসলমান সমাজের গঠন —**আলাউদ্দিন শেখ** ২০১

ষোড়শ-অষ্টাদশ শতকের বঙ্গদেশে রহস্যবাদী (মরমিয়া) সম্প্রদায়ের ইতিহাস
—**সুতপা ভট্টাচার্য**
***অনিরুদ্ধ রায় স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ*** ২১১

নগরায়ন ও নাগরিক সংস্কৃতি : প্রেক্ষিত মোগল আমলের বাংলা সাহিত্য
—**সুব্রত রায়** ২২৪

পুঁথি, পাঁচালী ও মঙ্গলকাব্যের আলোকে সুন্দরবনকেন্দ্রিক অঞ্চলে সমন্বয়ী
ভাবধারার পরিচয় —**নবনীতা সরদার** ২৩৪

নদীয়া রাজের আমলে নদীয়ার মন্দির স্থাপত্যের পরিচয়
(সতেরো থেকে আঠারো শতক) —**তুষার বরণ হালদার** ২৪৮

মুঘল ভারতে ইউনানি চিকিৎসা —**বদরুন্নেশা খাতুন** ২৬০

**আধুনিক ভারত : আর্থ-সামাজিক ও রাজনৈতিক**

সংবাদপত্রে ১৮৬৪ সালের কলকাতা সাইক্লোন : প্রসঙ্গ ত্রাণ ও পুনরুদ্ধার
—**উজ্জ্বল বিশ্বাস** ২৭১

রাষ্ট্র পদক্ষেপ না কৃষক বিচ্যুতি? বাংলার দেশীয় ধানের বৈচিত্র্যনাশের
ঔপনিবেশিক পর্ব —**অমিপীতা পাল** ২৭৯

ঔপনিবেশিক প্রেক্ষিতে বঙ্গে রঞ্জন শিল্পের ইতিহাস
—**মিলি সাহা পোদ্দার**
***সব্যসাচী ভট্টাচার্য স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ*** ২৮৭

উনিশ শতকের দ্বিতীয়ার্ধে চৈত্র মেলার প্রাঙ্গণে হিন্দু পুনরুজ্জীবনের অনুসন্ধান
—**আসাবুল মণ্ডল** ২৯৬

ঔপনিবেশিক বাংলায় কৃষি প্রদর্শনী ও কৃষি মেলা : একটি ঐতিহাসিক পর্যালোচনা
—**শুভেন্দু সাহা** ৩০৪

বিকল্প প্রতিরোধের সন্ধানে : রবীন্দ্রনাথের বাউলচেতনা ও গ্রামোন্নয়ন ভাবনার সমন্বয় সাধন —**আদিত্য শঙ্কর চট্টোপাধ্যায়** ৩১১

একাধারে মুকুটহীন সম্রাট ও নির্বাসিত রাজা— ১৭৫ বছরে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় —**প্রবাল সেনগুপ্ত** ৩২১

সামরিক কর্মজীবন, ইম্পেরিয়াল ক্যাডেট কর্পস এবং কোচবিহার রাজন্য রাজ্য (১৮৯৭-১৯০৭) —**তাপস দেবনাথ** ৩৩০

সামাজিক চলমানতা এবং পরিচিতিসত্ত্বার সংঘবদ্ধতা : ঔপনিবেশিক আমলে বোড়ো সম্প্রদায়ের সার্বিক অবস্থান সংক্রান্ত একটি পর্যালোচনা
—**অয়ন দাস** ৩৩৯

বিংশ শতকে 'হিন্দিভাষী'-দের রাজনৈতিক চেতনা উন্মেষের ইতিহাস : কলকাতায় সংঘটিত 'তিনটি' দাঙ্গার নিরিখে একটি ঐতিহাসিক পর্যালোচনা (১৯১০-১৯২৬) —**মার্টিনা চক্রবর্ত্তী** ৩৫০

বিংশ শতকের প্রথমার্ধে বাংলায় পৌণ্ড্র জাতির আত্মপরিচয় নির্মাণ
—**সৌমেন বিশ্বাস** ৩৬৮

সীমান্তের সনাতনী বাণিজ্য ও আদিবাসী সমাজের অংশগ্রহণ : প্রসঙ্গ অরুণাচল প্রদেশের সুবর্ণশিরি জেলা, ১৯৬২ সাল পর্যন্ত
—**অরিন্দম ঘোষ** ৩৮১

বিদ্যুৎ বিভ্রাট, জনপরিসর ও জনরোষ : প্রসঙ্গ স্বাধীনোত্তর বাংলা (১৯৫৫-৮৫)
—**শুভদীপ দাস** ৩৯০

উচ্ছেদের সাতকাহন : দুর্গাপুর শিল্পাঞ্চল— একটি ঐতিহাসিক পর্যালোচনা
—**রাজশ্রী দত্ত** ৪০২

কলকাতার হস্তচালিত রিকশা : ঐতিহাসিক প্রেক্ষাপট এবং 'সাংস্কৃতিক রাজনীতি' সংক্রান্ত একটি পর্যালোচনা —**সপ্তার্ষ শীল** ৪১০

উদ্বাস্তু বাঙালি নারীর সহায়তায় সেবা-সমিতির ভূমিকা (রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ, মাড়োয়ারি রিলিফ কমিটি, পিপিলস্ রিলিফ কমিটি) : একটি পর্যালোচনা —**পলাশ মণ্ডল** ৪২১

## আধুনিক ভারত : আন্দোলন ও সমাবেশ

বাংলার ছাত্র-রাজনীতির মনস্তাত্ত্বিক অলংকরণ ও সামগ্রিক প্রতিকৃতি :
১৮২৮-১৯৪৭ —**গার্গী সেন ঘোষ** ৪৪৩

বঙ্গ রাজনীতিতে বিবিধ প্রতিবাদ এবং কৃষক ও শ্রমিক আন্দোলন : ১৯৩৯-১৯৪২
—**সুকান্ত প্রামানিক** ৪৫৩

অবিভক্ত মেদিনীপুর জেলায় ভারত ছাড়ো আন্দোলন ও গান্ধীবাদ :
একটি ঐতিহাসিক পর্যালোচনা —**শংকরদেব মাইতি**
***ইন্দ্রাণী রায় স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ*** ৪৬২

জাতীয়তাবাদী আন্দোলনে দেশব্রতী পাহাড়ী কন্যা— হেলেন লেপচা
—**স্বাধীন ঝা** ৪৭৩

ব্রিটিশ-বিরোধী আন্দোলনে চট্টলগৌরব মহিমচন্দ্র দাস
—**সৈয়দ মোহাম্মদ তৌহিদুল ইসলাম** ৪৮২

দ্বন্দ্বময় সত্তরের দশক— সংসদীয় রাজনীতির পটপরিবর্তন ও সমান্তরাল নতুন
রাজনৈতিক সমীকরণের জন্ম —**দেবারতি তরফদার** ৪৯৪

## আধুনিক ভারত : আঞ্চলিক

মুর্শিদাবাদ জেলার পৌর উন্নয়নে স্থানীয় জমিদার ও
ব্যবসায়ী পরিবারগুলির অবদান —**রাকিবুল ইসলাম** ৫০৭

সাঁওতাল পরগনার সাঁওতাল ও মিশনারি : সংঘর্ষ ও সমঝোতা
(১৮৫৫-১৯৪৭) —**পার্থ মণ্ডল**
***গৌতম চট্টোপাধ্যায় স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ*** ৫১৪

বাংলার স্বাধীনতা আন্দোলনের স্পন্দনক্ষেত্র : বর্ধমান
—**জয়ন্ত রেজ** ৫২৬

বাঁকুড়া জেলায় বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন : একটি ঐতিহাসিক অনুসন্ধান
—**ঋত্বিক বিশ্বাস**
***বিষ্ণুপদ দাস স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ*** ৫৩৭

ঘাটাল মহকুমার চেঁচুয়া হাটের দারোগা হত্যা : একটি ঐতিহাসিক অনুসন্ধান
—**সৌম্যদেব মাইতি** ৫৪৫

ইতিহাস তত্ত্ব : ডোমজুড় আঞ্চলিক ইতিহাস সন্ধানে বহুমাত্রিক সংস্কৃতি
—**বিপুলকুমার ঘোষ** ৫৫৮

বিংশ শতকের প্রথমার্ধে বর্ধমান জেলায় বন্যার প্রকোপ
—**ভাস্কর দত্ত** ৫৭৬

## আধুনিক ভারত : চিন্তা-চেতনা


উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে ব্রাহ্মসমাজ ও শিশুদের 'নীতিশিক্ষা' : শিশু-পালন বিষয়ক একটি প্রতর্ক —**নীলকণ্ঠ পাল**
*গৌতম চট্টোপাধ্যায় স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ* ৫৮৭

বাংলার সাংবাদিকতায় অক্ষয়কুমার দত্তের ভূমিকা : একটি পর্যালোচনা —**মৈনাক ঘোষ** ৫৯৯

ভারতে বৈপ্লবিক ভাবধারা সম্প্রসারণে রাজা নরেন্দ্রলাল খান —**মৌসুমী পাল** ৬০৬

নয়া প্রকাশ-পণ্ডিত রাহুল সাংকৃত্যায়নের প্রথম জীবনের ধর্মীয় ও রাজনৈতিক ভাবনার সংক্ষিপ্ত রূপরেখা —**অর্কপ্রভ সেনগুপ্ত** ৬১৭

ঐতিহাসিক অমলেশ ত্রিপাঠীর ইতিহাস চিন্তা —**গৌতম বিশ্বাস** ৬২৮


## আধুনিক ভারত : সাংস্কৃতিক


ক্লাইভের কাউন্সিল ও মুর্শিদাবাদের নবাবী দরবার : একটি কথোপকথনের সাংস্কৃতিক ইতিহাস —**সারোত্তমা মজুমদার** ৬৩৫

বাংলা হরফ নির্মাতা পঞ্চানন কর্মকার —**কৃষ্ণ কুমার সরকার**
*ইন্দ্রাণী রায় স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ* ৬৪১

বাংলার মন্দির টেরাকোটায় ঔপনিবেশিকতার প্রতিচ্ছবি —**অর্ণব চ্যাটার্জী**
*সায়ন্তনী ভট্টাচার্য স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ* ৬৪৯

শিল্পাচার্য অবনীন্দ্রনাথের চিত্রকলায় ভারতীয় ঐতিহ্য ও পুরাণ —**সুজন সেন** ৬৫৬

ঠাকুরবাড়ির ভাবনায় সুফি প্রভাব : সংক্ষিপ্ত আলোচনা —**ধনঞ্জয় গড়াই** ৬৬৮

ঔপনিবেশিক যুগে বাঙালির ব্যায়ামচর্চা, জাতীয়তাবাদ ও স্বামী বিবেকানন্দ —**শম্পা ঘোষ** ৬৭২

সেকালের বাংলায় ক্রিকেটের মহিলা দর্শক : বিংশ শতকের প্রথমার্ধ —**সুপ্রীতি বাছাড়** ৬৮০

পেলের কসমস বনাম মোহনবাগান ম্যাচ (১৯৭৭) ঘিরে বাঙালির উন্মাদনার ঐতিহাসিক পর্যবেক্ষণ —**শুভ্রাংশু রায়** ৬৮৫

ফুটবল মাঠে নবজাগরণ : ঔপনিবেশিক ভারতে মহামেডানের সাফল্যের সামাজিক প্রতিক্রিয়া —**শুভজিৎ পাড়ুই** ৬৯০

সমাজ সংগঠনে সংবাদপত্র : বাঙালি মুসলিম বুদ্ধিজীবীদের ভূমিকা —**মোহা মইনুল ইসলাম** ৬৯৯

স্বাধীনতার ৭৫ বছরে প্রত্যাশা ও প্রাপ্তি : বাংলার গ্রুপ থিয়েটারের আলোকে
—**অমৃতা মিত্র** ৭১১

সাহিত্যপত্র যখন রাজনীতিমনস্ক : 'চতুরঙ্গ' পত্রিকার আলোয়
—**কস্তুরী মুখোপাধ্যায়** ৭২০

দেশভাগ, উদ্বাস্তু নারী ও নাটক —**মনীষা ভট্টাচার্য** ৭৩৩

আধুনিক বাংলা গান : গণগীতি ও র‍্যাডিক্যাল রাজনীতি
—**ডালিয়া রায়চৌধুরী** ৭৩৮

উপকূলবর্তী যুক্ত ২৪ পরগনার হিন্দু-মুসলিম সম্পর্কের সূচক লৌকিক সংস্কৃতি
—**সিরাজুল হালদার** ৭৪৬

কুড়মি জনগোষ্ঠীর অন্যতম কৃষিসংস্কৃতি : জিহুড় —**সন্তোষ মাহাত** ৭৫৪

ঐতিহাসিক প্রেক্ষাপটে মুর্শিদাবাদের শিক্ষা : শিক্ষা গ্রহণে
বিড়ি শ্রমিকদের অনগ্রসরতা —**মোঃ সানাউল্লাহ** ৭৬২

সাহিত্য ও সংস্কৃতিতে পুরুলিয়ার নাচনি শিল্পী (১৯৪৭-২০০৭)
—**আহ্লাদ চন্দ্র মাহাত** ৭৭৩

তান্ত্রিক শিল্পকলা : প্রতীক ও দেবাত্ববাদের আদিসূত্র
—**মোহাম্মদ ফখর উদ্দিন (দ্রাবিড় সৈকত)** ৭৮২

**আধুনিক ভারত : সাহিত্য-কেন্দ্রিক**

ডাক্তার বনফুল বা বনফুলের ডাক্তার : বনফুলের উপন্যাসে মফঃস্বলের
চিকিৎসক ও চিকিৎসা বৃত্তান্ত —**জগন্নাথ দালাল** ৭৯৫

'সাঁওতালী বিদ্রোহী কবি' সারদাপ্রসাদ কিস্কু : কাব্য ও কার্যকলাপ
—**নিমাই মুরমু**
***ধনঞ্জয় দাশ স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ*** ৮০৩

ঔপনিবেশিক বাংলায় রাজবন্দিদের মুক্তির প্রয়াসে প্রবর্ত্তক পত্রিকার ভূমিকা
—**অরিজিৎ প্রামাণিক** ৮১১

প্রখ্যাত সাহিত্যিক ও নবীন লেখকের গল্পে সুন্দরবনের জীবনকথা
—**রিয়া চৌধুরী** ৮১৭

এমিল জ্যাটোপেক, কলকাতা ময়দান এবং একটি বাংলা উপন্যাস :
এক নিবিড় বন্ধনের মায়াবী ইতিহাস —**পারমিতা রায়** ৮২৫

**আধুনিক ভারত : নারী**

নারী চেতনার উন্মেষে বাংলা সাময়িকী 'ভারতী'-র ভূমিকা
—**রাখী দাস** ৮৩৫

নারী ও মানসিক ভারসাম্যহীনতা : উনবিংশ শতাব্দীর ঔপনিবেশিক বাংলার আশ্রয়স্থলে মানসিকভাবে ভারসাম্যহীন বাঙালি নারীদের সন্ধান —**রাইকিশোরী ব্যানার্জি** ৮৪১

বিশ শতকের প্রথমার্ধে ঔপনিবেশিক বাংলায় মহিলা কয়েদি —**বুবাই জানা**
*নলিনীপ্রভা ঘোষ স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ* ৮৪৮

'সরস্বতী'-র কলমে নারী ও সমাজ জীবন —**চন্দ্রিমা মিত্র** ৮৫৪

ঔপনিবেশিক বাংলায় শিক্ষকতা পেশায় বাঙালি মুসলিম নারী (১৯০০-১৯৪৭) —**আবুল কালাম আলি** ৮৬৪

নারীবাদী চর্চায় দলিত নারীর আত্মজীবনী : প্রসঙ্গ কল্যাণী ঠাকুর চাঁড়ালের 'আমি কেন চাঁড়াল লিখি' —**লাভলী হাজরা** ৮৭৪

গ্রামীণ স্বায়ত্তশাসন ব্যবস্থায় মহিলাদের ভূমিকা ও ক্ষমতায়ন (১৯৭৮-২০০৩) —**তন্ময় ভট্টাচার্য্য ও প্রভাস মণ্ডল** ৮৮৪

স্বাধীনতা-উত্তর মালদা জেলায় নারীর রাজনৈতিক অংশগ্রহণ : একটি ঐতিহাসিক পর্যালোচনা (১৯৪৭-২০১১) —**ইয়াসমিন রেজা** ৮৯৪

কল্যাণী ব্লকের মহিলা স্বনির্ভর গোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়ন : একটি সমীক্ষা ১৯৯৯-২০২২ —**মৌমিতা ঘোষ** ৯০৮

মেদিনীপুরের পটচিত্রে নারীকথা : একটি পর্যালোচনা —**সঙ্গীতা কোলে**
*মঞ্জু চট্টোপাধ্যায় স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ* ৯১৭

**আধুনিক ভারত : বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ**

বাংলায় অ্যালোপ্যাথি চিকিৎসার প্রবর্তন ও সামাজিক প্রতিক্রিয়া —**দেবাশিস সরকার** ৯২৫

ক্রান্তীয় জলবায়ু এবং ঔপনিবেশিক বাংলার সাংস্কৃতিক জীবন : জলবায়ুর ইতিহাসের আলোকে —**অগ্নিদেব মান্না** ৯৩৪

ঔপনিবেশিক বাংলার কয়লাখনি অঞ্চলে বক্রকৃমি রোগের (হুকওয়ার্ম ডিজিজ) প্রাদুর্ভাব, প্রসার এবং স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থার মূল্যায়ন —**সেখ আলি আব্বাস মামুদ** ৯৪৫

উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে উত্তরবঙ্গের টিকাকরণের প্রক্রিয়া, সরকারি প্রচেষ্টা ও স্থানীয় মানুষদের প্রতিক্রিয়া : মালদহ জেলার পরিপ্রেক্ষিতে একটি ঐতিহাসিক পর্যালোচনা —**ঋতব্রত গোস্বামী** ৯৫৪

ব্রিটিশ ভারতে দেশীয় ঔষধ এবং কানাইলাল দে (১৮৩১-১৮৯৯) —**মৃত্যুঞ্জয় দত্ত** ৯৭১

কলকাতা ও শহরতলিতে প্লেগ দূরীকরণে হাসপাতাল (১৮৯৬-১৯০০)
—**অন্তরা বেরা**
*বিষ্ণুপদ দাস স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ* ৯৭৯

বিংশ শতকে বাংলা উপন্যাসে মহামারি ও মানবজীবনের ঘাত-প্রতিঘাত : একটি অনুসন্ধান —**অভিজিৎ সিংহ** ৯৮৮

ভারতীয় ঐতিহ্যবাদী আয়ুর্বেদ চিকিৎসা ব্যবস্থার আধুনিকীকরণে মহামহোপাধ্যায় কবিরাজ বিজয়রত্ন সেনের অবদান
—**বিপ্লব রায়** ৯৯৬

## ভারত বহির্ভূত অন্যান্য দেশ

বাংলাদেশের মুক্তিযুদ্ধে বার্মার ভূমিকা —**নুরুল ইসলাম** ১০০৫

তৌকির আহমেদের 'জয়যাত্রা' চলচ্চিত্রে প্রতিফলিত বাংলাদেশের মুক্তিযুদ্ধ
—**মো: মোরশেদুল আলম**
*ভারত বহির্ভূত অন্যান্য দেশ বিভাগের সেরা পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ* ১০১৩

বঙ্গবন্ধু সরকারের কৃষিনীতি : প্রেক্ষিতে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা
—**দেবাশীষ কুমার প্রামাণিক** ১০২২

বাতিঘর ও কুতুবদিয়া : একটি ঐতিহাসিক পটভূমি —**মুহাম্মদ ইসহাক** ১০৩৩

আলেক্সান্দ্রা কোলোনতাই : বলশেভিক, সমাজতান্ত্রিক নারীবাদী
—**সোমা মারিক** ১০৩৯

চিকো মেন্ডেস : বিশ শতকের এক পরিবেশ-প্রেমীর মনন
—**মাল্যবান চট্টোপাধ্যায়**
*ইন্দ্রাণী রায় স্মৃতি পুরস্কার প্রাপ্ত প্রবন্ধ* ১০৪৮

সাগরপারের 'বাবা' চীনারা : বিশ শতকে ব্রিটিশ মালয়ে চীনা জনজীবন
—**সুকন্যা সোম** ১০৫৬

**অধিবেশনে উপস্থাপিত অন্যান্য নিবন্ধের শিরোনাম** ১০৬২

# ভারতে বৈপ্লবিক ভাবধারা সম্প্রসারণে রাজা নরেন্দ্রলাল খান

মৌসুমী পাল*

ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে মেদিনীপুর জেলা এক অনন্য স্থানের অধিকারী। কারণ, শুধুমাত্র বাংলা নয়, সারা ভারতের সশস্ত্র বিপ্লবী আন্দোলনের অন্যতম প্রধান কেন্দ্র হয়ে উঠেছিল মেদিনীপুর অঞ্চল। অত্যাচারী ও শোষক গোষ্ঠী ইংরেজদের বিরুদ্ধে সারা ভারতব্যাপী যে বিপুল গণজাগরণের উত্থান হয়েছিল, তার তরঙ্গ এসে পড়েছিল মেদিনীপুরের মত একটি প্রত্যন্ত জেলায়। আবার নাড়াজোল মেদিনীপুর জেলার একটি প্রত্যন্ততম গ্রাম। বাংলার স্বাধীনতা আন্দোলনে যে সমস্ত জমিদার বংশ গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিলেন, তাদের মধ্যে নাড়াজোলের খান পরিবারের নাম উল্লেখযোগ্য। বাংলার স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন পর্যায়ের সময় নাড়াজোলের জমিদার পরিবার গৌরবোজ্জ্বল ভূমিকা গ্রহণ করেছিলেন। নাড়াজোলের জমিদার বংশের বিভিন্ন ব্যক্তিবর্গ ইংরেজ শাসনের বিরুদ্ধে প্রথম থেকেই ছিলেন সরব এবং বিভিন্নভাবে স্বাধীনতা সংগ্রামীদের সাহায্য করে থাকেন।

নাড়াজোলে ইংরেজ শাসনের বিরুদ্ধে আন্দোলন শুরু হয় ১৭৭২ খ্রিস্টাব্দে ৬ এপ্রিল। ইংরেজ সরকার মেদিনীপুরের শাসনভার গ্রহণ করার পরে নাড়াজোল জমিদারির রাজস্ব প্রায় দ্বিগুণ বাড়িয়ে দেন। ইংরেজ সরকারের এই বর্ধিত রাজস্ব দিতে অস্বীকার করেন তৎকালীন জমিদার সীতারাম খান। তারই পরিপ্রেক্ষিতে ইংরেজ সরকার নাড়াজোলের জমিদারিকে খাস হিসাবে ঘোষণা করেন। ফলে সীতারাম খান ইংরেজ সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানান।[১] একই সঙ্গে নাড়াজোল জমিদার বাড়ির আত্মীয় কর্ণগড় জমিদারিও খাস ঘোষণা করার হয়। এর পরে মেদিনীপুরে দুই উল্লেখযোগ্য জমিদার বংশ ব্রিটিশ সরকারের রাজস্ব নীতির বিরুদ্ধে প্রতিবাদ মুখর হয়ে ওঠেন। যার ফলশ্রুতি হল ১৭৮৮ খ্রিস্টাব্দের চুয়াড় বিদ্রোহ। ইংরেজ সরকার কর্ণগড়ের রানি শিরোমণি ও নাড়াজোল রাজবাড়ির চুনিলাল খানকে বন্দি করে মেদিনীপুর আবাসগড় দুর্গে বন্দি করে রাখেন। পরে তাঁদের কলকাতায় পাঠানো হয়। সীতারাম খানের মৃত্যুর পরে আনন্দলাল খান নাড়াজোলের জমিদারি উদ্ধার করে পিতৃব্য চুনিলাল খান ও রানি শিরোমণিকে ইংরেজ সরকারের হাত থেকে মুক্ত করেছিলেন।[২]

---

* সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গড়বেতা কলেজ